

🖪 আল-জ্বিন | Al-Jinn | ٱلْجِنّ

আয়াতঃ ৭২:২০

আরবি মূল আয়াত:

قُل إِنَّمَا اَدعُوا رَبِّي وَ لَا أُشْرِكُ بِهِ اَحَدًا ﴿٢٠﴾

বল, 'নিশ্চয় আমি আমার রবকে ডাকি এবং তার সাথে কাউকে শরীক করি না'। — আল-বায়ান বল: আমি শুধু আমার প্রতিপালককেই ডাকি, আর অন্য কাউকে তাঁর অংশীদার গণ্য করি না। — তাইসিরুল বলঃ আমি আমার রাব্বকে ডাকি এবং তাঁর সাথে কেহকে শরীক করিনা। — মুজিবুর রহমান Say, [O Muhammad], "I only invoke my Lord and do not associate with Him anyone." — Sahih International

২০. বলুন, আমি তো কেবল আমার রবকেই ডাকি এবং তার সঙ্গে কাউকেও শরীক করি না।

তাফসীরে জাকারিয়া

- (২০) বল, 'আমি কেবল আমার প্রতিপালককেই ডাকি এবং তাঁর সাথে কাউকেও শরীক করি না।' [1]
 - [1] অর্থাৎ, যখন সকলেই তোমার সাথে শক্রতা করার জন্য ঐক্যবদ্ধ হয়েছে এবং উঠে পড়ে লেগেছে, তখন তুমি তাদেরকে বলে দাও, আমি তো কেবল আমার প্রতিপালকের ইবাদত করি, তাঁর কাছে আশ্রয় প্রার্থনা করি এবং তাঁরই উপর ভরসা করি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5467

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন